দৈনিক সংবাদ

MAR. 10 2001

তারিখ ... ... ... ... ... ... ...
পৃষ্ঠা ১২ কলাম ...৪...

# পরীক্ষায় দুর্নীতি ঃ সাহসী শিক্ষক ও কর্মকর্তাদের পাশে দাঁড়ান ঃ শিক্ষামন্ত্রী

শিক্ষামন্ত্রী এ এস এইচ কে সাদেক পরীক্ষায় সাহসী দায়িত্ব পালন করতে গিয়ে দুর্বৃত্তের হাতে ছুরিকাহত ময়মনসিংহের ম্যাজিস্ট্রেটের প্রতি গভীর সহানুভূতি জানিয়েছেন এবং ঢাকা শিক্ষা বোর্ডকে তার চিকিৎসার যাবতীয় দায়িত্ব গ্রহণের নির্দেশ প্রদান করেছেন।

শুক্রবার এক বিবৃতিতে শিক্ষামন্ত্রী বলেন, সরকারের নেয়া পদক্ষেপ এবং বিভিন্ন স্থানে জনগণের প্রত্যক্ষ সহযোগিতায় দিন দিন পরীক্ষায় দুর্নীতি কমে আসছে এবং এর বিরুদ্ধে প্রতিরোধ অব্যাহত থাকবে।

শিক্ষামন্ত্রী জোর দিয়ে আরো বলেন, আমি এখনও বিশ্বাস করি প্রতিটি কেন্দ্রে সম্মিলিতভাবে শিক্ষকরা চাইলেই নকল শতকরা নব্বইভাগ কমে যাবে। ছাত্রদের পরীক্ষায় স্কুলের ও মাদ্রাসার শিক্ষকদের বহিষ্কার হওয়ার ঘটনা জাতির জন্য লজ্জাজনক বলে তিনি অভিহিত করেন। তারা নিজেরাই নিজেদের বিবেকের কাছে এ প্রশ্নের জবাব খুঁজবেন বলে শিক্ষামন্ত্রী আশা করেন।

শিক্ষামন্ত্রী পুলিশ বিভাগ এবং প্রশাসনের কর্মকর্তাদেরও পরীক্ষার পবিত্রতা রক্ষায় নিজ নিজ দায়িত্ব যথাযথভাবে পালনের অনুরোধ করেন এবং দায়িত্ব পালন করতে গিয়ে কোন শিক্ষক বা অন্য কোন কর্মকর্তা শারীরিকভাবে ক্ষতিগ্রস্ত হলে সংশ্লিষ্ট শিক্ষা বোর্ডগুলোকে তাদের আর্থিক সহায়তার নির্দেশ প্রদান করেন।

সাদেক বলেন, পরীক্ষার পবিত্রতা রক্ষায় যারা অবদান রাখবেন তাদের পাশে সরকার দৃঢ়ভাবে অবস্থান গ্রহণ করবে এবং যারা অসৎ পথকে সহায়তা দিচ্ছেন তাদের জন্য রয়েছে শাস্তি।

তিনি সংবাদপত্রে প্রকাশিত খারাপ কেন্দ্রগুলোসহ অন্যান্য দুর্নীতিগ্রস্ত কেন্দ্রের বিরুদ্ধে কড়া ব্যবস্থা গ্রহণের জন্য শিক্ষা বোর্ডগুলোর ভিজিল্যান্স টিমকে আরো সক্রিয় হওয়ার নির্দেশ প্রদান করেন। একইসঙ্গে দেশের বেশির ভাগ ভাল কেন্দ্রের সংবাদও যাতে গণমাধ্যমে প্রকাশিত হয়ে অনুপ্রেরণা সৃষ্টি করতে পারে তার প্রতিও দৃষ্টি দিতে সংবাদপত্রের প্রতি শিক্ষামন্ত্রী আহ্বান জানান। তথ্য বিবরণী।